



সেন্টার ফর ম্যাস এডুকেশন ইন সায়েন্স (সিএমইএস)

নিয়োগ বিজ্ঞপ্তি

১৯৭৮ সালে প্রতিষ্ঠিত দেশের প্রথম সারির সুপ্রতিষ্ঠিত জাতীয় স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সেন্টার ফর ম্যাস এডুকেশন ইন সায়েন্স (সিএমইএস) এর কেন্দ্রীয় ব্যবস্থাপনার দায়িত্ব আশু প্রদানের লক্ষ্যে দাতা সংস্থা Islamic Development Bank (IsDB) কর্তৃক ফান্ডকৃত প্রজেক্টের জন্য প্রোগ্রাম ম্যানেজার ও প্রোগ্রাম এ্যাসিস্টেন্ট (পুরুষ/মহিলা) আবশ্যিক। ঢাকাস্থ প্রধান কার্যালয়ের জন্য, তবে বিভিন্ন গ্রামাঞ্চলে অবস্থিত কর্মক্ষেত্রে প্রায়শঃ ভ্রমণ করে দায়িত্ব পালন করতে হবে।

১. প্রোগ্রাম ম্যানেজার: সুবিধাবঞ্চিত নারীদের (বয়স: ১৯-৩৫) প্রকল্পটি সুষ্ঠুভাবে বাস্তবায়ন এবং এর লক্ষ্য ও উদ্দেশ্য সঠিকভাবে অর্জন করা, কারিগরি শিক্ষা, ও বিকল্প শিক্ষা ব্যবস্থা, তাদের উন্নত প্রযুক্তি ভিত্তিক ব্যবসা পরিচালনা ও চাকরি ব্যবস্থা, মানবাধিকার সচেতনতামূলক শিক্ষা, সোস্যাল এ্যাকশন, শিক্ষাদান ইত্যাদি বিষয়ে নিজে পূর্ণ দায়িত্ব নিয়ে উন্নয়ন ও কর্মসূচি বাস্তবায়ন ও রিপোর্ট রাইটিং করা। নির্ভুল ও উচ্চমানের ইংরেজি লিখন ও কথন সক্ষমতা আবশ্যিক এবং বিশেষ অগ্রাধিকার পাবে। নিয়মিতভাবে গ্রামাঞ্চলে গিয়ে মাঠ পর্যায়ের কর্মসূচি, মনিটরিং, সুপারভিশন ও উন্নয়ন সাধন করা।

যোগ্যতা: উচ্চমানের গ্রাজুয়েশন (বিজ্ঞান ও প্রকৌশলে অগ্রাধিকার), প্রকল্প ব্যবস্থাপনা, কারিগরি বিষয়ে দক্ষতা ও অভিজ্ঞতা, মানবাধিকার সচেতনতামূলক শিক্ষা, সোস্যাল এ্যাকশন ইত্যাদি কাজে বাস্তব হাতেকলমে অভিজ্ঞতা ও সক্ষমতা। মাসিক বেতন সর্বসাকুল্যে যোগ্যতা অনুসারে ৩২,০০০/- থেকে ৩৫,০০০/- টাকা।

২. প্রোগ্রাম এ্যাসিস্টেন্ট: সুবিধাবঞ্চিত নারীদের (বয়স: ১৯-৩৫) কারিগরি শিক্ষা, ও বিকল্প শিক্ষা ব্যবস্থা, তাদের উন্নত প্রযুক্তি ভিত্তিক ব্যবসা পরিচালনা ও চাকরি ব্যবস্থা, মানবাধিকার সচেতনতামূলক শিক্ষাদান ইত্যাদি বিষয়ে নিজে পূর্ণ দায়িত্ব নিয়ে উন্নয়ন ও কর্মসূচি বাস্তবায়ন ও রিপোর্ট রাইটিং। নির্ভুল ও উচ্চমানের ইংরেজি লিখন ও কথন সক্ষমতা বিশেষ অগ্রাধিকার পাবে। নিয়মিতভাবে বাংলাদেশের গ্রামাঞ্চলে কর্মসূচি বাস্তবায়নের এলাকাগুলোতে মনিটরিং ও সুপারভিশন করার আগ্রহ এবং যোগ্যতা সম্পন্ন হতে হবে।

যোগ্যতা: উচ্চমানের গ্রাজুয়েশন, (একাউন্টস, বিজনেস স্টাডিস, বিজ্ঞান ও প্রযুক্তি ভিত্তিক ডিপ্লোমা, মাস্টার্স) প্রকল্প ব্যবস্থাপনা, কারিগরি বিষয়ে দক্ষতা ও অভিজ্ঞতা, মানবাধিকার সচেতনতামূলক শিক্ষা, সোস্যাল এ্যাকশন ও হিসাব সংক্রান্ত ইত্যাদি কাজে বাস্তব হাতেকলমে অভিজ্ঞতা ও সক্ষমতা। মাসিক বেতন সর্বসাকুল্যে যোগ্যতা অনুসারে ১৮,০০০/- থেকে ২০,০০০/- টাকা।

সম্পূর্ণ বায়োডাটা, NID card, মোবাইল/ফোন নম্বরসহ) আগামী ৩০/০৯/২০১৮ তারিখের মধ্যে সেন্টার ফর ম্যাস এডুকেশন ইন সায়েন্স (সিএমইএস) বাড়ি #৭১ (নতুন), রোড # ৯/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯ ঠিকানায় আবেদনপত্র পাঠাতে হবে।